

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯৯৩(আগরতলা, ১৪।৬)
কমলপুর, ১৪ জুন ২০১৮

পূর্ব লাম্বুছড়ায় গ্রাম পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা নিয়ে সভা

দুর্গাচৌমুহনী আৰ ডি ব্লকের পূর্ব লাম্বুছড়া গ্রাম পঞ্চায়েতের মিলনায়তনে গতকাল গ্রাম পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা নিয়ে মত বিনিময় সভা হয়। সভাতে ব্লকের পঞ্চায়েত সম্প্রসারণ আধিকারিক অরজিৎ দেববর্মা গ্রামের উন্নয়ন পরিকল্পনা নিয়ে বিস্তৃত আলোচনা করেন। এছাড়াও সভাতে বিভিন্ন দপ্তরের প্রতিনিধি, এলাকার জনসাধারণ এবং এই পরিকল্পনার সাথে যুক্ত স্বেচ্ছাসেবকরাও উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গ্রাম পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনা হল এমন একটি পদ্ধতি যাতে গ্রামের সমস্ত ধরনের তথ্য নিয়ে একটি বই প্রকাশ করা হবে। এর ভিত্তিতেই আগামী ৫ বছরের জন্য এই গ্রামের সার্বিক উন্নয়নের পরিকল্পনা গ্রহণ করা হবে। এই পরিকল্পনা হবে গ্রামের মানুষের প্রয়োজন অনুসারে। প্রতিটি দপ্তর এই পরিকল্পনা বাস্তবায়নে উদ্যোগ নেবে। গ্রাম পঞ্চায়েত উন্নয়ন পরিকল্পনার জন্য প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবে সংশ্লিষ্ট গ্রামের স্বেচ্ছাসেবকরা। আগামী ২৫ জুনের মধ্যে এই তথ্য সংগ্রহের কাজ শেষ করা হবে।
